

## ওগো হিমালয়



ডঃ মোহাম্মদ ওমর ফারুক

হয়েছ কি তুমি আকাশচুম্বী, ওগো হিমালয়,  
ঠাই বানিয়েছ আকাশ  
দিতে কি মানুষেরে আভাস  
যেন তারা গায় এক আল্লারই মহিমার জয়?

জমিনে কি পেতেছ শয্যা, ওগো হিমালয়,  
মাটিতে আকাশে বেধেছ রাঁখি  
খুলে দিতে মানুষের আঁখি  
যেন তারা সম্প্রীতি গড়ে, ভেদাভেদ নয়?

চুঁড়ায় কি পড়েছ মুকুট, ওগো হিমালয়!  
ঢেকেছ মোহনীয় শুভ্র তুষারে  
জাগাতে সব মানুষের চেতনারে  
যেন পবিত্র নিষ্কলঙ্ক থাকে তার হৃদয়?

পেতেছ কি মেঘে মিতালী, ওগো হিমালয়!  
করেছ নিজেই নিঃশেষে উজাড়  
গড়তে সংকীর্ণ মানুষেরে উদার  
যেন তার মনে সৃষ্টিপ্রেমের শিক্ষা জাগ্রত হয়?

রেখেছ কি উচু করে শির, ওগো হিমালয়!  
পেয়েছ আত্মমর্যাদার শিক্ষা  
দিতে হীন মানুষেরে দীক্ষা  
যেন 'চির উন্নত শির' শুধু আল্লার কাছে নোয়ায়?

রচনাঃ ১৯৯৯, West Union, Iowa, USA